

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
(কোম্পানি এ্যাফেয়ার্স-২
www.powerdivision.gov.bd

নং- ২৭.০০.০০০০.০৮৯.৩১.০১১.১৪-৬৬৬

০৮ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
তারিখ: -----
২২ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন কোম্পানি গঠনের সিদ্ধান্ত গ্রহণসহ প্রস্তুতকৃত খসড়া MOA & AOA চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন কোম্পানি গঠনের সিদ্ধান্ত গ্রহণসহ প্রস্তুতকৃত খসড়া Memorandum of Association (MOA) & Articles of Association (AOA) চূড়ান্তকরণের লক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ১০/১১/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১(এক) ফর্দ।

২২/১১/১৬

(মাহফুজা আখতার)
সিনিয়র সহকারী সচিব

৯৫৪০০৯৬

e-mail: c.affairs-1@pd.gov.bd

কার্যার্থে বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মাননীয় মেয়র, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়নগঞ্জ। (দৃ: আ: প্রধান নির্বাহী কর্মকর্তা)
- ০৩। মাননীয় মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। (দৃ: আ: প্রধান নির্বাহী কর্মকর্তা)
- ০৪। মাননীয় মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।
- ০৫। মাননীয় মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
- ০৬। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ০৭। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৮। চেয়ারম্যান, জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল, ঢাকা।
- ০৯। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ, আইইবি ভবন, ১০-১১তম তলা, রমনা ঢাকা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি., বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাল্লাই কোম্পানি লি., ২২/বি ফারুক সরণী, জোয়ারসাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লি., ৮/এ আইইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), রমনা, ঢাকা-১০০০।
- ১৩। মহা-পরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা।

অনুলিপি(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (দৃ: আ: একান্ত সচিব)
- ০২। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
- ০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৪। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ। (বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ০৬। অতিরিক্ত সচিব (প্র:) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ। {(অতিরিক্ত সচিব (প্র:) মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৭। যুগ্ম-সচিব (কো: এ্যা:) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ। {(যুগ্ম-সচিব (কো: এ্যা:) মহোদয়ের সদয় অবগতির জন্য);

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
(কোম্পানি এ্যাসোসিয়েশন-২)
www.powerdivision.gov.bd

বিষয়: বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন কোম্পানি গঠনের সিদ্ধান্ত গ্রহণসহ প্রস্তুতকৃত MOA এবং AOA চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|------------|---|--|
| সভাপতি | : | জনাব নসরুল হামিদ এম.পি মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১০/১১/২০১৬ খ্রি: |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সচিব, বিদ্যুৎ বিভাগ কে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সচিব, বিদ্যুৎ বিভাগ বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন কোম্পানি গঠনের প্রেক্ষাপট বর্ণনা করেন গত ১০/১১/২০১৪ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব এবং সচিব বিদ্যুৎ বিভাগের উপস্থিতিতে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন কোম্পানি গঠনের বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়নের সম্ভাব্যতা যাচাইকরণ ও এরূপ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানি গঠনের জন্য প্রস্তাবিত কোম্পানির খসড়া Memorandum of Association (MOA) এবং Articles of Association (AOA) প্রস্তুত করে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/কোম্পানি হতে মতামত সংগ্রহ করে তা প্রস্তুতকৃত MOA এবং AOA-তে সন্নিবেশ করে সংশোধন করা হয়। পরবর্তীতে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে কোম্পানি গঠনের জন্য গত ০৮/০৭/২০১৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয় যেখানে স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন, বিউবো, ডেসকো, ডিপিডিসি ও ইজিসিবি এর কর্মকর্তা উপস্থিত ছিলেন। উক্ত সভায় প্রস্তাবিত কোম্পানি গঠনের বিষয়ে মতামত গ্রহণের লক্ষ্যে সচিব, স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়রগণের সমন্বয়ে একটি সভা করবেন এবং আলোচ্য কোম্পানির প্রস্তুতকৃত MOA এবং AOA স্থানীয় সরকার বিভাগ ও বিদ্যুৎ বিভাগ সভা করে ৩০ জুলাই ২০১৫ তারিখের মধ্যে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বিগত ০২ বছরে কোন দৃশ্যমান অগ্রগতি না হওয়ায় পরিবেশসম্মত বর্জ্য ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধিসহ সিটি কর্পোরেশনের মেয়রবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের আলোচনায় পৌর বর্জ্য ব্যবস্থাপনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। সুষ্ঠু পরিবেশসম্মত নগর গড়ে তোলার পূর্বশর্ত হিসাবে বিজ্ঞানভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনার বিকল্প নেই বলে সবাই অভিমত ব্যক্ত করেন। দ্রুত নগরায়ন, জনসংখ্যা বৃদ্ধি, নগরের আশেপাশে বর্জ্য ফেলা বা স্তুপ করার জন্য নির্দিষ্ট জায়গার বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমকে কঠিন করে তুলেছে। এ বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করা না গেলে অচিরেই পরিবেশ এবং নাগরিক স্বাস্থ্যসেবা সংকটের মধ্যে পড়বে। আলোচনায় জানা যায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য অপসারণের বিষয়ে জায়গার সমস্যা না থাকলেও কিন্তু নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রগণ বলেন যে, বর্তমানে এ দুটি শহরের বর্জ্য ফেলার জন্য নির্দিষ্ট কোন জায়গা না থাকায় রেলওয়ে বা সরকারি খোলা জায়গায় তা ফেলা হচ্ছে। বর্জ্য ফেলার নির্দিষ্ট জায়গা বরাদ্দের লক্ষ্যে জমি অধিগ্রহণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। তবে এ বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। তাছাড়া, পৌর বর্জ্য নগরীর আশেপাশে স্তুপ করার বিরুদ্ধে জনপ্রতিরোধ ক্রমান্বয়ে তীব্র হচ্ছে যা ভবিষ্যতে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমকে হুমকির মধ্যে ফেলবে।

০৩। সিটি/পৌর বর্জ্য ব্যবস্থাপনা একটি পরিবেশসম্মত কাঠামোর মধ্যে এনে একটি কার্যকরী মডেল প্রনয়ণের বিষয়ে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর সদস্য (জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ) জনাব সিদ্দিক জোবায়ের সভায় একটি উপস্থাপনা প্রদান করেন। উপস্থাপনায় সিটি/পৌর ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে তিনটি বিকল্প ব্যবস্থা ও সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত পেশ করা হয় যা নিম্নরূপ:

(ক) পূর্ব উদ্যোগের ধারাবাহিকতায় যৌথ মূলধনী কোম্পানি গঠনের মাধ্যমে বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। তবে এক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন, পৌরসভা (সভার ও কালিয়াকৈর) বিদ্যুৎ বিভাগ, বিউবো, ডিপিডিসি লি., ডেসকো লি: ও সংশ্লিষ্ট বিদ্যুৎ ইউটিলিটি সমূহের উক্ত যৌথ মূলধনী কোম্পানিতে অংশীদারিত্ব এবং দায়িত্ব ও কর্তব্য নির্দিষ্ট করতে হবে।

(খ) সিটি কর্পোরেশন কর্তৃক বর্জ্য নির্দিষ্ট পরিমাণে সরবরাহের নিশ্চয়তা প্রদান স্বাপেক্ষে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড আইপিপি ভিত্তিতে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প গ্রহণ করতে পারে। এক্ষেত্রে সিটি কর্পোরেশনসমূহ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় জায়গা বিনামূল্যে প্রদান করবে। এতে করে সিটি কর্পোরেশনসমূহকে বর্জ্য ফেলার জন্য ভবিষ্যতে নতুন জায়গা অধিগ্রহণ করতে হবে না। ফলে সিটি বর্জ্য ব্যবস্থাপনার একটি স্থায়ী সমাধান হবে, পরিবেশ দূষণের মাত্রা হ্রাস পাবে এবং নাগরিক সেবার মান বৃদ্ধি পাবে।

(গ) সিটি কর্পোরেশনসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প গ্রহণ করতে পারে এবং উৎপাদিত বিদ্যুৎ নিজেরা ব্যবহার বা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিকট বিক্রি করতে পারে।

০৪। সভায় আরো উল্লেখ করা হয় যে, এ ধরনের প্রকল্প বাস্তবায়নের জন্য স্রেডা'র সহায়তায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের সম্ভাব্যতা যাচাই করে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মাধ্যমে ঢাকার অদূরে কেরানীগঞ্জ এলাকায় ১ মেগাওয়াট ক্ষমতার একটি পাইলট প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তাছাড়া বর্তমানে স্রেডা'র তত্ত্বাবধানে ৬ টি পৌর এলাকায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে। সমীক্ষা ইতিবাচক হলে এ সকল পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা ও বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প গ্রহণ করা হবে।

০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


(ক) সিটি কর্পোরেশন কর্তৃক সিটি বর্জ্য নির্দিষ্ট পরিমাণে সরবরাহের নিশ্চয়তা প্রদান স্বাপেক্ষে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড আইপিপি ভিত্তিতে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প গ্রহণ করবে। এক্ষেত্রে সিটি কর্পোরেশনসমূহ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি বিনামূল্যে প্রদান করবে।

(খ) সিটি কর্পোরেশনসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প গ্রহণ করতে পারে। এক্ষেত্রে বর্জ্য থেকে উৎপাদিত বিদ্যুৎ নিজেরা ব্যবহার বা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিকট গ্রহণযোগ্য মূল্যে বিক্রি করতে পারে।

(গ) জয়েন্ট ভেঞ্চার কোম্পানি বা যৌথ মূলধনী কোম্পানি গঠনের মাধ্যমে বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।

(ঘ) চট্টগ্রাম, নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশনের সিটি বর্জ্য ফেলার জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে এবং বিদ্যুৎ বিভাগ স্রেডা'র মাধ্যমে প্রয়োজন হলে আনুষঙ্গিক সহায়তা প্রদান করবে।

০৬। অতঃপর, আর কোন আলোচ্যসূচি না থাকায় সভায় উপস্থিত হয়ে মূল্যবান মতামত প্রদানের জন্য সভাপতির পক্ষ থেকে সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(নসরুল হামিদ এমপি)
প্রতিমন্ত্রী